পওর পরিদপ্তর
বাপাউবো, ওয়াপদা ভবন (৮ম তলা)
মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।
ফোন নং-৯৫৫০৩২১।
ফ্যাক্স -৯৫৫০৩২১

বাংলাদেশ পানিউন্নয়ন বোর্ড

Bangladesh Water Development Board

Directorate of O&M
BWDB,WAPDA Building,
(7 th Floor) Motijheel C/A.
Dhaka - 1000
Phone No.9550321
Fax No . 9550321
E-mail: se.onm@bwdb.gov.bd

স্মারক নং-পওর/পরি/পাউবো/বি-১৫/০৯ তারিখ ঃ- ১৫-০৭-২০১৯ খ্রিঃ।

বিষয় ঃ ২০১৯-২০ অর্থ বছরে পরিচালন ব্যয় খাতের আওতায় পণ্য ও সেবার ব্যবহার খাতভুক্ত (ক) বাঁধ (মেরামত ও সংরক্ষন)(অর্থ কোড-৩২৫৮১৩৭), (খ) অন্যান্য অনুদান (সাধারণ অনুদান) (অর্থ কোড-৩৬৩১১৯৯), (গ) বিদ্যুৎ মঞ্জুরী (অন্যান্য বিবিধ ব্যয়) (অর্থ কোড-৩৮২১১০৯), (ঘ) পৌর কর (অন্যান্য বিবিধ ব্যয়) (অর্থ কোড-৩৮২১১০৩) এবং (ঙ) ভূমি উন্নয়ন কর (অন্যান্য বিবিধ ব্যয়)(অর্থ কোড-৩৮২১১০২) উপখাতের প্রকল্প ও কাজ ওয়ারী জোন ভিত্তিক বরাদ্দ প্রস্তাবনা প্রেরণ প্রসংগে।

মহোদয়,

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মন্ত্রী পরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বিষয়ে বর্ণিত কাজসমূহের বাজেট বরাদ্দ প্রস্তাবনা প্রতি বছর ৩০ সেপ্টেম্বর এর মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয় এর মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে দাখিল করা আবশ্যক। সে লক্ষ্যে আপনার জোন অধীনস্থ সকল পওর/ পানি উন্নয়ন বিভাগের ২০১৯-২০ সালের বিষয়ে বর্ণিত উপখাতের বরাদ্দ প্রস্তাবনা জোন ভিত্তিক বই আকারে (বিভাগ সমুহের বিস্তারিত বিভাজনসহ) আগামী ৩১-০৮-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে পওর পরিদপ্তরে দাখিল করা জরুরী। পওর পরিদপ্তর দাখিলকৃত জোনভিত্তিক প্রতিটি প্রস্তাবনা, প্রতিটি অঙ্গ নিবিড় পরিবীক্ষণ করার পর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবেন। বোর্ড প্রস্তাবনা সমূহ সুপারিশ করার পর বি এম সি (বাজেট ব্যবস্থাপনা কমিটি) এর নিকট দাখিল করবেন। বি এম সি কমিটি কর্তৃক প্রস্তাবনা সমূহ গৃহীত হলে কাজসমূহের বাস্তব বিভাজন অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। সুতরাং এই সকল প্রক্রিয়া সম্পন্ন করতে আনুমানিক ৩০ দিন সময় প্রয়োজন হয়।

সুতরাং সকল জোনের বর্ণিত কোড ভিত্তিক বরাদ্দ প্রস্তাবনাসমূহের বিস্তারিত বিভাজন (সারসংক্ষেপ সহকারে) ৫টি বই (৫টি কোডের জন্য আলাদা ভাবে) সফট কপিসহ (সিডি আকারে) অত্র দপ্তরে প্রেরণের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো। উল্লেখ্য, Soft copy প্রেরণের ক্ষেত্রে সিডি এবং অত্র দপ্তরের ই-মেইল ঠিকানায় (se.onm@bwdb.gov.bd) (Excel Sheet এ SutonnyMJ ফন্ট এ) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বরাদ্দ প্রস্তাবনা প্রণয়নকালে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে প্রদেয় নির্দেশনাবলীঃ-

১। বিস্তারিত প্রস্তাবনায় সম্পাদিত কাজের বিল/ চলমান কাজ/ নতুন কাজ/ ফণির প্রভাবে ক্ষতিগ্রস্ত কাজ/ বরাদ্দ বিহীনভাবে গৃহীত কাজ যা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে গ্রহণ করা হয়েছে তা মন্তব্য কলামে আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে গৃহীত কাজের ক্ষেত্রে অনুমোদনের ডায়েরী নং এবং তারিখ উল্লেখ করতে হবে।

২। দাখিলকৃত বরাদ্দ প্রস্তাবনায় কোন সংশোধন প্রয়োজন হলে তা ১০ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী মহোদয়ের প্রত্যয়ন পত্র সাপেক্ষে সংশোধন করা যাবে।

৩। অনুমোদিত বরাদ্দ প্রস্তাবনায় উপযোজন প্রয়োজন হলে ৩১ ডিসেম্বর এর মধ্যে সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের মাধ্যমে উপযোজন প্রস্তাবনা বোর্ডে দাখিল করতে হবে।

৪। ৩০ এপ্রিল এর মধ্যে সংশোধিত বরাদ্দ প্রস্তাবনা দাখিল করতে হবে।

৫। অত্র পত্রের সহিত সংযুক্ত নির্ধারিত ছকে বরাদ্দ প্রস্তাবনা প্রণয়ন করতে হবে।

৬। আপদকালীন জরুরী কাজের বরাদ্দ প্রস্তাবনা প্রণয়নের ক্ষেত্রে পোস্ট এসেসমেন্ট এর চূড়ান্ত কপি প্রাপ্তি ব্যতিরেকে অত্র দপ্তরে বরাদ্দ প্রস্তাবনা বিবেচনার কোন সুযোগ নেই। সেক্ষেত্রে, আপদকালীন জরুরী কাজের পোস্ট এসেসমেন্ট বই আকারে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক সংশোধিত বরাদ্দ প্রস্তাবনা দাখিলের পূর্বে (৩০ এপ্রিলের পূর্বে) অত্র দপ্তরে প্রেরণ করা না হলে বরাদ্দ বিবেচনা সম্ভবপর হবেনা।

৭। বিগত অর্থ বছরে যেসকল জরুরী কাজের পোস্ট এসেসমেন্ট এবং কাজ সম্পন্ন হয়েছে সেসকল কাজের বিল পরিপূর্নভাবে পরিশোধ না হয়ে থাকলে উক্ত সম্পাদিত কাজসমূহের বরাদ্দ প্রস্তাবনা এই অর্থ বছরের রুটিন মেরামত কাজের প্রস্তাবনায় অন্তর্ভুক্ত করতে হবে।

৮। কোন নির্বাহী প্রকৌশলীর দপ্তর হতে নির্ধারিত সময়ের মধ্যে বরাদ্দ প্রস্তাবনা পাওয়া না গেলে সেই দপ্তরের বরাদ্দ প্রয়োজন নেই বলে বিবেচিত হবে।

৯। অত্র দপ্তরে প্রেরিত বরাদ্দ প্রস্তাবনার হার্ড কপি এবং সফট কপি পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে কোন অসামঞ্জস্য পাওয়া গেলে স্বাক্ষরিত হার্ড কপিকেই প্রাধান্য দেয়া হবে।

১০। বিষয়ে বর্ণিত উপখাত সংশ্লিষ্ট যেকোন কাজের নির্ধারিত ছক অন্তর্ভুক্তি ব্যতিরেকে বরাদ্দের বিষয় বিবেচনার কোনরূপ সুযোগ নেই।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

১১। বরাদ্দকৃত সকল অর্থের বিপরীতে বাস্তব কাজ প্রদর্শন করতঃ অর্থ মন্ত্রণালয় হতে বাজেট অনুমোদন করতে হয় বিধায় অত্র দপ্তরে কোন থোক বরাদ্দ স্থিতি হিসেবে রেখে আলদাভাবে বরাদ্দ অনুমোদন করার কোন সুযোগ নেই।

১২। উল্লেখ্য, বি এম সি (বাজেট ব্যবস্থাপনা কমিটি) এর সিদ্ধান্ত মোতাবেক অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনকৃত আর্থিক বিভাজনের বাইরে অন্য কোন কাজ বাস্তবায়নের অনুমতি প্রদান সমীচীন নয়।

এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ ছক - ৫ খানা।

বিনীত,

স্বাঃ-

(মোঃ রফিকুল আলম)
পরিচালক
পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-পওর/পরি/পাউবো/বি-১৫/০৯/১(৭) তারিখ ঃ- ১৫-০৭-২০১৯ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থেঃ-

১। অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন, বাপাউবো, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক, পশ্চিম রিজিয়ন, বাপাউবো, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক, অর্থ, বাপাউবো, ঢাকা।
৫। অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন, বাপাউবো, ঢাকা।
৬। প্রধানপ্রকৌশলী, পওর, বাপাউবো, ঢাকা।
৭। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

স্বাঃ
পরিচালক
পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-পওর/পরি/পাউবো/বি-১৫/০৯/১(২৩) তারিখ ঃ- ১৫-০৭-২০১৯ খ্রিঃ।

বিতরণ তালিকাঃ-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

১। চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা।
২। প্রধান পরিকল্পনা , বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল , বাপাউবো, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
৫। প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
৬। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
৭। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
৮। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
৯। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
১০। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
১১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
১২। প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর, বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
১৩। প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ।
১৪। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
১৫। প্রধান প্রকৌশলী, নকশা , বাপাউবো, ঢাকা।
১৬। প্রধান প্রকৌশলী, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা।
১৭। প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
১৮। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১৯। পরিচালক, কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২০। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২১। প্রকল্প পরিচালক, সিডিএসপি - ৪, বাপাউবো, ঢাকা।
২২। প্রকল্প পরিচালক, সিএসডব্লিউএমপি, বাপাউবো, ঢাকা।
২৩। সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

১৫/০৭/১৯
পরিচালক
পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

ছক-১

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০১৯-২০ অর্থ বছরের পরিচালন ব্যয় খাতের আওতায় পণ্য ও সেবার ব্যবহার খাতভুক্ত বাঁধ (মেরামত ও সংরক্ষণ) (অর্থ কোড-৩২৫৮১৩৭)-এর অনুকূলে প্রকল্প ওয়ারী বিস্তারিত বরাদ্দ বিভাজন ঃ

(লক্ষ টাকা)

ক্রঃ নং	সমাপ্ত প্রকল্পের		কাঠামোর		চাহিদার বিবরণ		রীচ (কিঃমিঃ-কিঃমিঃ)		প্রধান পরিমাপ		দ্বিতীয় পরিমাপ		অগ্রাধিকার	অর্থ চাহিদা	বোর্ড বরাদ্দ	মন্তব্য
	আইডি	নাম	আইডি	নাম	কোড	কাজের বিবরণ	শুরু	শেষ	পরিমাপ	একক	পরিমাপ	একক				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭

স্বাক্ষরঃ প্রধান প্রকৌশলী তত্ত্বাবধায়ক প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী

পরিচালক, পওর পরিদপ্তর
বাপাউবো, ঢাকা

ছক-২

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০১৯-২০ অর্থ বছরে পরিচালন ব্যয় খাতের আওতায় অন্যান্য অনুদান (সাধারণ অনুদান) (অর্থ কোড-৩৬৩১১৯৯) উপখাতে প্রকল্প/কলোনী ওয়ারী সংশোধিত বিস্তারিত বরাদ্দ বিভাজন ঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	প্রকল্প/কলোনীর নাম	প্রস্তাবিত কাজের বিবরণ	অর্থ চাহিদা	বোর্ড বরাদ্দ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

স্বাক্ষরঃ প্রধান প্রকৌশলী তত্ত্বাবধায়ক প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী

পরিচালক, পওর পরিদপ্তর ★ বাপাউবো, ঢাকা ★

ছক-৩

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০১৯-২০ অর্থ বছরে পরিচালন ব্যয় খাতের আওতায় বিদ্যুৎ মঞ্জুরী (অন্যান্য বিবিধ ব্যয়) (অর্থ কোড-৩৮২১১০৯) উপখাতে প্রকল্প/কলোনী ওয়ারী সংশোধিত বিস্তারিত বরাদ্দ বিভাজন ঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	প্রকল্প/কলোনীর নাম	প্রস্তাবিত কাজের বিবরণ	অর্থ চাহিদা	বোর্ড বরাদ্দ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

স্বাক্ষরঃ প্রধান প্রকৌশলী তত্ত্বাবধায়ক প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী

পরিচালক, পওর পরিদপ্তর ★ বাপাউবো, ঢাকা ★

ছক-৪

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০১৯-২০ অর্থ বছরে পরিচালন ব্যয় খাতের আওতায় পৌরকর (অন্যান্য বিবিধ ব্যয়) (অর্থ কোড-৩৮২১১০৩) উপখাতে বিভাগ ও প্রকল্পওয়ারী বিস্তারিত বরাদ্দ বিভাজন ঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	জোন/সার্কেল/বিভাগ/প্রকল্প	বকেয়ার চাহিদা	চলতি অর্থ বছরের চাহিদা	২০১৯-২০ অর্থ বছরের মোট চাহিদা	বোর্ড বরাদ্দ	মন্তব্য
১	২	৩	৪	৫(৩+৪)	৬	৭

স্বাক্ষরঃ প্রধান প্রকৌশলী তত্ত্বাবধায়ক প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী

পরিচালক, পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

ছক-৫

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০১৯-২০ অর্থ বছরে পরিচালন ব্যয় খাতের আওতায় ভূমি উন্নয়ন কর (অন্যান্য বিবিধ ব্যয়)(অর্থ কোড-৩৮২১১০২) উপখাতে বিভাগ ও প্রকল্পওয়ারী বিস্তারিত বরাদ্দ বিভাজন ঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	জোন/সার্কেল/বিভাগ/প্রকল্প	বকেয়ার চাহিদা	চলতি অর্থ বছরের চাহিদা	২০১৯-২০ অর্থ বছরের মোট চাহিদা	বোর্ড বরাদ্দ	মন্তব্য
১	২	৩	৪	৫(৩+৪)	৬	৭

স্বাক্ষরঃ প্রধান প্রকৌশলী তত্ত্বাবধায়ক প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী

পরিচালক, পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা